দৈনিক বাংলা

DOC 023

তারিখ 24 JUN 1985
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক স্কুল উন্নয়নে ৫১ লাখ টাকা মঞ্জুর

সরকার প্রাথমিক শিক্ষকদের জাতীয় সাক্ষরতা অভিযানে অংশগ্রহণে উদবুদ্ধ করতে, প্রাথমিক স্কুলে ছাত্র সংখ্যা বৃদ্ধি এবং তাদের স্কুলে ধরে রাখার লক্ষ্যে দেশের ৬শ বেসরকারী প্রাথমিক স্কুলের শিক্ষকদের বেতন অনুদান স্কুলের উন্নয়ন ও সংস্কার সাধনের জন্যে ৫১ লাখ ৩০ হাজার টাকা মঞ্জুর করেছেন। এ অর্থ কৃষি ব্যাংকের মাধ্যমে বিতরণ করা হবে।

এ সরকারী মঞ্জুরী থেকে প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষকগণ চলতি বছরের মার্চ, এপ্রিল ও মে এই তিন মাসের জন্য মাসিক ২৫০ টাকা হারে সরকারী অনুদান পাবেন। তিনজন সহকারী শিক্ষক মাসিক ২০০ টাকা হারে অনুদান পাবেন। তাছাড়া নির্বাচিত ৬শ বেসরকারী প্রাথমিক স্কুল উন্নয়ন ও সংস্কার সাধনের জন্যে ৬ হাজার টাকা এককালীন মঞ্জুরী পাবে।

প্রত্যেক প্রাথমিক স্কুলের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান ও প্রধান শিক্ষক যৌথভাবে অংগীকার পত্রে স্বাক্ষর করে এই টাকা ব্যাংক থেকে তুলতে পারবেন। উভয়ের যৌথ স্বাক্ষরে এই টাকা উত্তোলন করা যাবে।

খবর তথ্য বিবরণীর।